প্রধানমন্ত্রীর প্রচেষ্টা আজ নারীরা জেগে উঠেছেন – জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি বলেন, বাংলাদেশের সফল প্রধানমন্ত্রী শেখ হাসিনার আন্তরিক প্রচেষ্টা নারীরা আজ জেগে উঠেছেন। এদেশের নারীদের ক্ষমতায়ন প্রধানমন্ত্রী সবধরণের পদক্ষেপ নিয়েছেন।তাই নারী সমাজের জেগে ওঠা।

গতকাল শুক্রবার (৩০ সেপ্টেম্বর) বিকেলে মুজিবনগর সরকারি কলেজ মাঠে মুজিবনগর উপজেলা মহিলা যুবলীগ আয়োজিত মহিলা সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন প্রতিমন্ত্রী।

মুজিবনগর উপজেলা যুব মহিলা লীগের সাধারণ সম্পাদিকা তহমিনা খাতুনের সভাপতিত্বে অনুষ্টিত সমাবেশে প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন বাংলাদেশ যুব মহিলা লীগের কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটির সদস্য ও প্রতিমন্ত্রী পত্নি সৈয়দা মোনালিসা ইসলাম।

জনপ্রশাসন প্রতিমন্ত্রী আরো বলেন, প্রধানমন্ত্রী শোখ হাসিনার নেতৃৃত্বে দেশ এগিয়ে যাচ্ছে। বাংলাদেশ এখন বিশ্বের বুকে উন্নয়নের রোল মডেল। প্রধানমন্ত্রীর প্রচেষ্টায় দেশ এখন নিম্ন আয়ের দেশ থেকে ইতোমধ্যে মধ্যম আয়ের দেশে পরিনত হয়েছে। বাংলাদেশ এখন উন্নত সমৃদ্ধ দেশে পরিণত হয়েছে।

তিনি বলেন, আগে শিশুদের বই পেতে বছরের মধ্যভাগ পেরিয়ে যেত। অথচ আমাদের ছেলে মেয়েরা এখন বছরের শুরুতে বই হাতে পাই। তিনি বলেন সরকার সকল হ্মেত্রে এগিয়ে চলেছে দূর্বার গতিতে। আগামীতে শেখ হাসিনার হাতকে শক্তিশালী করতে নারীদের সক্রিয় ভূমিকা রাখার আহবান জানান তিনি।

সমাবেশটি সঞ্চালনায় ছিলেন, মুজিবনগর উপজেলা যুব মহিলা লীগের সভানেত্রী তকলিমা খাতুন।

এর আগে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন দুপুরের দিকে মেহেরপুর সদর উপজেলার পুরাতন মদনাডাঙ্গা হয়ে বসন্তপুর যাতায়াতের ক্ষতিগ্রস্থ্য সড়কটি পরিদর্শন করেন।

এসময় প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন সড়কের সংস্কার করার আশ্বাস দেন। জেলা প্রশাসক ডা. মোহাম্মদ মুনসুর আলম খান, পুলিশ সুপার মোঃ রাফিউল আলম, উপস্থিত ছিলেন।

মুজিবনগরে নানা আয়োজনে পালিত হলো প্রধানমন্ত্রীর জন্মদিন

মুজিবনগরে কেক কাটা আলোচনা সভা ও দোয়া মাহফিলের মধ্য দিয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী ও বাংলাদেশ আওয়ামী লীগের সভাপতি শেখ হাসিনার ৭৬ তম জন্মদিন পালন করেছে মুজিবনগর উপজেলা আওয়ামীলীগ ও তার অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ।

দেশ নায়কের ৭৬ তম জন্মদিন উপলক্ষে বুধবার বিকেলে মুজিবনগর মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্স পর্যটন মডেলে এক অনুষ্ঠানের আয়োজন করে উপজেলা আওয়ামীলীগ।

মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম তোতার সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় বক্তব্য রাখেন উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ,মহাজনপুর ইউপি চেয়ারম্যান আমাম হোসেন মিলু, বাগোয়ান ইউপি চেয়ারম্যান আইয়ুব হোসেন,মোনাখালী ইউপি চেয়ারম্যান মফিজুর রহমান ,বাগোয়ান ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মুজিবুর রহমান মধু, সম্পাদক নজরুল ইসলাম।

দারিয়াপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মোস্তাকিম হক খোকন, মোনাখালী ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম রফা গাইন।

অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা যুব মহিলালীগের সভাপতি তসলিমা খাতুন, সাধারণ সম্পাদক তহমিনা খাতুন, উপজেলা স্বেচ্ছাসেবকলীগের সহ-সভাপতি মতিউর রহমান মাতিন, দারিয়াপুর ইউনিয়ন স্বেচ্ছাসেবক লীগের সভাপতি দোলন, মুজিবনগর উপজেলা কৃষকলীগের সভাপতি জাহিদ হাসান রাজিব, সাধারণ সম্পাদক শাহিনুর রহমান মানিক, মুজিবনগর উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক শেখ সাকিব প্রমুখ।

জন্মদিনের আলোচনা সভায় বক্তারা বলেন শেখ হাসিনা বাংলাদেশকে প্রগতির পথে, উন্নয়নের পথে, শান্তির পথে এগিয়ে নিয়ে গেছেন। তার জন্মদিন মানে শুভ ও কল্যাণের পথে আমাদের সবার এগিয়ে যাওয়ার প্রত্যয়।

মেহেরপুর কলেজ ছাত্রলীগের উদ্যোগে প্রধানমন্ত্রীর জন্মদিন পালন

আনন্দ মিছিল, কেক কাটা ও আলোচনা সভার মধ্য দিয়ে মেহেরপুর সরকারি কলেজ ছাত্রলীগ বঙ্গবন্ধু কন্য ও বাংলাদেশ আওয়ামীলীগের সভাপতি প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭৬তম জন্মদিন পালন করেছে।

বুধবার (২৮ সেপ্টেম্বর) দুপুরের দিকে কলেজ ক্যাম্পাসে এ আয়োজন করে ছাত্রলীগ।মেহেরপুর সরকারি কলেজ ছাত্রলীগের সভাপতি আদিব হোসেন আসিফের সভাপতিত্বে আলোচনা সভায় বক্তব্য রাখেন সাধারণ সম্পাদক কুতুব উদ্দিন আহমেদ।

অনুষ্ঠানে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা ছাত্রলীগের সাংস্কৃতিক বিষয়ক সম্পাদক অমি পারভীন, সহ-সম্পাদক শামীম রেজা। এসময় মেহেরপুর সরকারি কলেজ ছাত্রলীগের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

প্রধানমন্ত্রী শেখ হাসিনার জন্মদিন উপলক্ষে কেক কাটা হয়। আনন্দ মিছিলটি কলেজ ক্যাম্পাস প্রদক্ষিণ করে।

গাংনীতে শেখ হাসিনার ৭৬ তম জন্মদিনে নানা আয়োজন

আনন্দ শোভাযাত্রা, আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজনের মধ্যে দিয়ে বাংলাদেশের সফল প্রধান মন্ত্রী ও বাংলাদেশ আওয়ামীলীগের সভাপতি শেখ হাসিনার ৭৬ তম জন্মবার্ষিকী পালন করা হয়েছে।

এ উপলক্ষে গাংনী উপজেলা শহরে একটি বর্ণাঢ্য আনন্দ শোভাযাত্রা বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে উপজেলা পরিষদ চত্তরে গিয়ে শেষ হয়।

আনন্দশোভা যাত্র শেষে গাংনী উপজেলা নির্বাহী অফিসারের সম্মেলন কেন্দ্রে আলোচনা সভা ও প্রধানমন্ত্রীর সুস্থ্যতা কমান করে দোয়া ও মোনাজাত করা হয়।

প্রধান মন্ত্রীর জন্মদিনের অনুষ্ঠান মালায় প্রধান অতিথি ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদ চেয়ারম্যান এম এ খালেক।

মেহেরপুর জেলা ছাত্রলীগের যুগ্ম সাধারণ সম্পাদক ইমরান হাবীবের সভাপতিত্বে অনুষ্ঠিত অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা কৃষক লীগের সাধারণ সম্পাদক মশিউর রহমান পলাশ, সহ সভাপতি মাহমুদ হাসিব, গাংনী উপজেলা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক বিপ্লব হোসেন, ছাত্রলীগ নেতা জাহাঙ্গীর আলম, মানিক আহম্মেদ, রাসেল, সনজু, ডলার, সজিব হোসেন প্রমুখ।

প্রধান মন্ত্রী শেখ হাসিনার জন্মদিন উপলক্ষে জেলা যুবলীগের

খাবার বিতরণ

দুঃস্থদের মাঝে খাবার বিতরণ ও দোয়া মাহফিল অনুষ্ঠানের মধ্য দিয়ে বাংলাদেশ আওয়ামীলীগের সভাপতি ও বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭৬ তম জন্ম দিন পালন করলো বাংলাদেশ আওয়ামীলী যুবলীগ মেহেরপুর জেলা শাখা।

বুধবার সন্ধ্যায় বাংলাদেশ আওয়ামী যুবলীগের মেহেরপুর জেলা শাখার আহবায়ক ও মেহেরপুর পৌরসভার মেয়র মাহফুজুর রহমান রিটন এর সভাপতিত্বে দুস্থ্যদের মাঝে খাবার বিতরণ ও দোয়ার মাহফিলে বক্তব্য রাখেন জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক সহিদুল ইসলাম পেরেসান, সাহিদুজ্জামান সুইট, ইয়ানুস আলীসহ অন্যান্য নেতৃবৃন্দ।

মিরপুরে উপজেলা আওয়ামী লীগের বর্ধিত সভা

প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার ৭৬ তম জন্মদিন উপলক্ষে কুষ্টিয়ার মিরপুরে আওয়ামী লীগের বিশেষ বর্ধিত সভা।

আগামীকাল ২৮ সেপ্টেম্বর মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার ৭৬ তম জন্মদিন উপলক্ষে কুষ্টিয়ার মিরপুরে বিশেষ বর্ধিত সভা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার সকালে মিরপুর উপজেলা পরিষদ মিলনায়তনে উপজেলা আওয়ামী লীগ ও সহযোগী অঙ্গ সংগঠন এ সভার আয়োজন করে।

সভায় বক্তব্য রাখেন কুষ্টিয়া জেলা আওয়ামীলীগের সভাপতি ও আসন্ন জেলা পরিষদ নির্বাচনে আওয়ামীলীগ মনোনীত চেয়ারম্যান পদপ্রার্থী বীর মুক্তিযোদ্ধা আলহাজ্ব সদর উদ্দিন খান।

জেলা আওয়ামীলীগের সিনিয়র সহ-সভাপতি ও জেলা পরিষদ প্রশাসক বীর মুক্তিযোদ্ধা হাজী রবিউল ইসলাম, জেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক বীর মুক্তিযোদ্ধা আজগর আলী, মিরপুর উপজেলা আওয়ামীলীগের

সভাপতি এ্যাড. আব্দুল হালিম, সাধারন সম্পাদক ও উপজেলা পরিষদ চেয়ারম্যান মোঃ কামারুল আরেফীন, জেলা আওয়ামী লীগের বিজ্ঞান প্রযুক্তি বিষয়ক সম্পাদক মমিনুর রহমান মোমিজ, কুষ্টিয়া শহর আওয়ামী লীগের সভাপতি তাইজাল আলী খান, মিরপুর পৌরসভার মেয়র হাজী এনামুল হক, মিরপুর উপজেলা যুবলীগের আহবায়ক ও উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আবুল কাশেম জোয়ার্দার,

সহ মিরপুর উপজেলা আওয়ামীলীগের অঙ্গসহযোগী নেতৃবৃন্দ ও উপজেলার ১৩টি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, ওয়ার্ড কাউন্সিলর সহ পৌর কাউন্সিলরবৃন্দ।

সভায় বক্তারা বলেন, প্রধানমন্ত্রীর দৃঢ় নেতৃত্বে বর্তমান সরকার দেশের অর্থনীতির চাকা সচল রেখে অত্যন্ত সফলতার সাথে দেশ পরিচালনা করে যাচ্ছে। বক্তারা আরও বলেন, স্বাধীনতাবিরোধী চক্র খালেদা জিয়ার চিকিৎসার অজুহাত তুলে দেশে অস্থিতিশীল পরিবেশ সৃষ্টি করতে চায়। তাদের ষড়যন্ত্র রুখে দিতে সকল নেতাকর্মীদের ঐক্যবদ্ধ থাকার আহবান জানানো হয়। একই সাথে বক্তারা “স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বাঙালি জাতির জন্য অত্যন্ত তাৎপর্যপূর্ণ মাইলফলক” বলেও উল্লেখ করেন। আগামীকাল প্রধানমন্ত্রী শেখ হাসিনার জন্মদিন উপলক্ষে জেলা আওয়ামী লীগের বিভিন্ন কর্মসুচী সফল করতে সকলকে ঐক্যবদ্ধ হওয়ার আহবান জানানো হয়।

একইসাথে আগামী ১৭ অক্টোবর জেলা পরিষদ চেয়ারম্যান নির্বাচনে আওয়ামীলীগ মনোনীত প্রার্থীকে বিজয়ী করতে সকলকে ঐক্যবদ্ধ ভাবে কাজ করার আহব্বান জানান মিরপুর উপজেলা আওয়ামীলীগের সভাপতি ও সাধারন সম্পাদক। কুষ্টিয়া জেলায় উন্নয়নের ধারা অব্যাহত রাখতে আওয়ামীলীগ মনোনীত প্রার্থী আলহাজ্ব সদর উদ্দিন খান মহোদয়কে আনারস মার্কা প্রতীকে ভোট দিয়ে জয়যুক্ত করার আহব্বান করেন উপস্থিত জেলা আওয়ামীলীগের নেতৃবৃন্দ।

যুবলীগ নেতা রাজুর সঙ্গে

আ’লীগের সাংগঠনিক সম্পর্ক ছিন্ন করে বিবৃতি

ঝিনাইদহ জেলা যুবলীগের যুগ্ম-আহবায়ক রাজু আহম্মেদের সঙ্গে সকল সাংগঠনিক সম্পর্ক ছিন্ন করে তাকে বহিস্কারের সুপারিশ করেছে ঝিনাইদহ জেলা আওয়ামীলীগ।

সোমবার রাতে এক বিবৃতিতে ঝিনাইদহ জেলা আওয়ামীলীগের দপ্তর সম্পাদক আছাদুজ্জামান আছাদ সাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে এখবর জানানো হয়।

বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয় সামাজিক যোগাযোগ মাধ্যমে যুবলীগ নেতা রাজু ও এস এম রবির অডিও রেকর্ড ভাইরাল হলে তা জেলা আওয়ামীলীগের সভাপতি আব্দুল হাই এমপি ও সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টুর দৃষ্টিগোচর হয়। অডিও রেকর্ডে যুবলীগ নেতা রাজু জেলা পরিষদ নির্বাচনে আওয়ামীলীগ মনোনীত প্রার্থী ও জেলা আ’লীগের যুগ্ম সাধারণ সম্পাদক বাবু কনক কান্তি দাস সম্পর্কে অশ্লিল ও কুরুচিপুর্ন শব্দ ব্যবহার করে তার বাড়িতে ইটপাটকেল নিক্ষেপ করে সম্প্রদায়ীক দাঙ্গার উস্কানী দেন। এ ছাড়া রাজু পৌর আওয়ামীলীগের সভাপতি বাবু জীবন কুমার বিশ্বাস সম্পর্কে অশ্লিল শব্দ ব্যবহার করে গালিগালাজ করেন।

রাজুর এহেন কথোপকথন দলীয় শৃংখলা পরিপন্থি, সাম্প্রদায়ীক দাঙ্গা বাধানোর অপচেষ্টা ও শিষ্টাচার বহির্ভুত বলে প্রেস বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়। রাজু অডিওতে এমন বক্তব্য দিয়ে সংগঠন বিরোধী অপরাধ করেছেন মর্মে বলা হয়। ফলে জেলা আওয়ামীলীগ রাজুর সাথে সকল সাংগঠনিক সম্পর্ক ছিন্ন এবং এ ঘটনার কোন দায় দায়িত্ব ঝিনাইদহ জেলা আওয়ামীলীগ বহন করবে না। দপ্তর সম্পাদক আছাদুজ্জামান আছাদ আরো জানিয়েছেন, ইতিমধ্যে ঝিনাইদহ জেলা যুবলীগ ও কেন্দ্রীয় যুবলীগকে রাজুর বিরুদ্ধে সাংগঠনিক ব্যবস্থা গ্রহনের জন্য সুপারিশ করা হয়েছে।

উল্লেখ্য সম্প্রতি যুবলীগ নেতা রাজু ও হামদহ এলাকার যুবলীগ কর্মী এস এম রবির কথোপকথনের অডিও রেকর্ড সামাজিক যোগাযোগ মাধ্যমে ফাঁস হলে তা মুহুর্তের মধ্যে ভাইরাল হয়। হিন্দু সম্প্রদায় ও আওয়ামীলীগের সিনিয়র দুই নেতা কনক কান্তি দাস এবং জীবন

বিশ্বাসকে“মালাউন” ও “চাড়াল” বলে গালি দেয় যুবলীগ নেতা রাজু।

এছাড়া আসন্ন জেলা পরিষদে কনক কান্তি দাসের বিরুদ্ধে অবস্থান গ্রহনের কথাও জানান রাজু। ফলে ফেসবুকে দেশ বিদেশের হিন্দু সম্প্রদায়ের লোকজন এ ঘটনার প্রতিবাদ জানিয়ে যুবলীগ নেতা রাজুকে দল থেকে বহিস্কারের দাবী তোলে।

শৈলকুপায় আ’লীগের দুই গ্রুপে সংঘর্ষে ৬ জন আহত আটক ২৫

ঝিনাইদহের শৈলকুপা উপজেলার যুগিপাড়া গ্রামে আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে আওয়ামীলীগের দু’গ্রুপের সংঘর্ষে অন্তত ৬ জন আহত হয়েছে। পরিস্থিতি স্বাভাবিক রাখতে ২৫ জনকে আটক করেছে পুলিশ।

বৃহস্পতিবার সকালে উপজেলার যুগিপাড়া গ্রামে বর্তমান চেয়ারম্যান ফিরোজ হোসেন ও বিদ্রোহী চেয়ারম্যান প্রার্থী শহিদুল ইসলাম টুলুর সমর্থকদের মধ্যে আধিপত্য বিস্তার নিয়ে বিরোধ চলে আসছিল। এ ঘটনার জের ধরে সকালে যুগীপাড়া বাজারে যুগীপাড়া, চরপাড়া, শেরপুর ও মথুরাপুর গ্রামের উভয় পক্ষের সমর্থকরা সংঘর্ষে জড়িয়ে পড়ে।

এতে অন্তত ৬ জন আহত হয়। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রনে আনে। আটক করা হয় ২৫ জনকে। আহতদের উদ্ধার করে শৈলকুপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সসহ স্থানীয় ক্লিনিকে ভর্তি করা হয়েছে।

শৈলকুপা থানার ওসি আমিনুল ইসলাম বলেন, এলাকার পরিস্থিতি স্বাভাবিক রাখতে ২৫ জনকে আটক করেছি। এখনও কেউ অভিযোগ দেয়নি। সংর্ঘষ এড়াতে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে।

মনোহরপুরে আওয়ামী লীগ নেতাকর্মীদের সাথে এমপির মতবিনিময়

জীবননগর উপজেলার মনোহরপুর ইউনিয়ন আওয়ামী লীগের নেতাকমিদের সাথে মতবিনিময় করলেন চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগর।

গতকাল রবিবার বিকাল সাড়ে ৪টার সময় জীবননগর উপজেলার মনোহরপুর ইউনিয়ন আওয়ামী লীগের আয়োজনে মাধবখালী গ্রামে এ মতবিনিময় অনুষ্ঠিত হয়।

মনোহরপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি গোলাম রসুলের সভাপতিত্বে মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগর। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জীবননগর থানা আওয়ামী লীগের সভাপতি নজরুল ইসলাম, সাধারন সম্পাদক আবু মোঃ আব্দুল লতিফ অমল, জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান, উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী, মনোহরপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহরাব হোসেন খান প্রমুখ।

অনুষ্ঠানটি সাবিক পরিচালনা করেন মনোহরপুর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারন সম্পাদক আহসান হাবিব বকুল।

আলমডাঙ্গায় পৌর সেচ্ছাসেবকলীগের সম্পাদককে কুপিয়ে হত্যা

আলমডাঙ্গা পৌর স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক আল ইমরান হোসেনকে (২৫) কুপিয়ে হত্যা করেছে দুর্বত্তরা।

গতকাল শুক্রবার বেলা ১১টার দিকে দু’জন রামদা দিয়ে কুপিয়ে রক্তাক্ত জখম করলে তাকে কুষ্টিয়া সদর হাসপাতালে নেওয়া হয়। সেখানে চিকিৎসক তাকে মৃত ঘোষণ করেন। ইমরান পৌরসভার গোবিন্দপুর গ্রামের আব্দুল জলিলের ছোট ছেলে।

নিহত ইমরানের বাবা আব্দুল জলিল জানান, চার মাস আগে পৌর এলাকার নওদাবন্ডবিল গ্রামের সাকিব ও দুর্লভপুর গ্রামের মাসুদসহ কয়েকজনের সঙ্গে ইমরানের দ্বন্দ্ব দেখা দেয়। বিষয়টি থানায় বসে সমঝোতা হয়। এরপর শুক্রবার একা পেয়ে তারা কুপিয়ে ইমরানকে হত্যা করে।

প্রত্যক্ষদর্শী আহাদ আলী জানান, তিনি ও ইমরান বেলা ১১টার দিকে গোবিন্দপুরের মাঠপাড়ায় পুকুরে মাছ ধরার জন্য বসেছিলেন। পূর্ব শত্রুতার জেরে মাসুদ ও সাকিব নামের দু’জন রামদা দিয়ে ইমরানের ওপর অতর্কিত হামলা চালায়। এ সময় তিনি দৌড়ে পালিয়ে যান। হামলাকারী দু’জন উপজেলার কুমারি ইউনিয়নের দুর্লভপুর গ্রামের বিল্লাল হোসেনের ছেলে মাসুদ ও পৌর এলাকার নওদাবন্ডবিল গ্রামের মজিবার রহমানের ছেলে সাকিব।

স্থানীয়রা জানান, রক্তাক্ত অবস্থায় ইমরান দৌড়ে পুকুরের মধ্যে পড়ে যায়। সেখানে থেকে উদ্ধার করে কুষ্টিয়া সদর হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

আলমডাঙ্গা থানার পুলিশ পরিদর্শক সাইফুল ইসলাম হত্যার ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, দুর্বৃত্তদের ধরতে ইতোমধ্যেই পুলিশের কয়েকটি টিম কাজ করছে। অল্প সময়েই তাদের আইনের আওতায় আনা হবে।